ঝিনাইদহে চিত্রা নদীর উপর নবনির্মিত সেতুর উদ্বোধন

দীর্ঘ প্রতীক্ষার পর ঝিনাইদহ কালীগঞ্জের প্রাণ কেন্দ্র চিত্রা নদীর উপর নব-নির্মিত দৃষ্টিনন্দন সেতুর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে ১২টার সময় হাজার হাজার মানুষের উপস্থিতিতে প্রধান অতিথি ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য ও কালীগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সভাপতি আনোয়ারুল আজীম আনার ফিতা কেটে সেতুটি উদ্বোধন করেন ।

এ উপলক্ষে সকাল সাড়ে ৯টায় কালীগঞ্জ পৌর পরিষদ ও পৌর ব্যবসায়ী সমিতির আয়োজনে সেতুর সম্মূখে সড়কে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, ৬২ মিটার দৈর্ঘ্য সেতুটি নির্মাণে ব্যায় হয়েছে ১৮ কোটি টাকা। নির্মিত সেতুটির মাঝপথ দিয়ে পরিবহন ও তার দু’পাশ দিয়ে পথচারী এবং রিকসা ভ্যান চলাচলের ব্যবস্থা রয়েছে। কনসিক এন্ড বিল্ড লিমিটেড নামে নির্মাণকারী প্রতিষ্ঠানের মাধ্যমে গত ২০২২ সালের ২০ জুলাই মাসে কার্যক্রম শুরু হয়েছিল।

উদ্বোধন অনুষ্টানে প্রধান অতিথি এমপি আনোয়ারুল আজীম আনার তার বক্তব্যে বলেন, আওয়ামীলীগ সরকার উন্নয়নের সরকার, আওয়ামীলীগ যখনই ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়। জাতীর জনকের কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে দেশে অভুতপূর্ব উন্নয়ন হয়েছে। এরই ধারাবাহিকতায় আজ বড় বাজারের চিত্রা নদির উপর দৃষ্টিনন্দন নান্দনীক এই সেতুর যাত্রা শুরু হলো। সেতুকে ঘিরে আশপাশের এলাকার মানুষ অর্থনৈতিক সম্ভাবনার নতুন স্বপ্ন দেখতে শুরু করেছেন।

ঝিনাইদহ সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী আনোয়ার পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, সড়ক বিভাগের খুলনা জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী সৈয়দ আসলাম আলী, কালীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান এসএম জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু ও কালীগঞ্জ পৌর সভার মেয়র আশরাফুল আলম আশরাফ। পৌর ব্যবসায়ী সমিতির সাংগঠনিক সম্পাদক জহুরুল হক বিপ্লবের সঞ্চালনায় অনুষ্টানে আরো বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান শাহনাজ পারভিন, মটর মালিক সমিতির